যুগান্তর

তারিখ ... 7 JUN 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবি শিক্ষকদের

## বেতন বেড়ে দ্বিগুণ হয়েছে

**যুগান্তর রিপোর্ট**

সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবি জানিয়েছে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক পরিষদ। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে তারা এই দাবি জানান। একই সঙ্গে শিক্ষকদের বকেয়া পরিশোধ ও বেতন বৃদ্ধির জন্য সরকারকে ধন্যবাদ জানিয়েছেন শিক্ষকরা। শিক্ষক নেতারা বলেন, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকদের বেতন বেড়ে দ্বিগুণ হয়েছে। আগে এসব শিক্ষক ১২শ' টাকা করে পেতেন। নতুন সিদ্ধান্ত অনুযায়ী প্রধান শিক্ষকরা মাসে আড়াই হাজার এবং সহকারী শিক্ষকরা ২৩শ' টাকা করে পাবেন। ঈদের আগেই এসব শিক্ষকের এক বছরের বকেয়াসহ চলতি মাসের বেতন পরিশোধ করা হচ্ছে। শিক্ষকরা বলেন, বেসরকারি শিক্ষকদের বাড়ি ভাড়া ১০০ টাকা থেকে ৫০০ টাকা এবং মেডিকেল ভাতা ৩০০ টাকা থেকে ৫০০ টাকায় উন্নীত করেছে সরকার। ২০১৫ সালের জুলাই থেকে সরকারি ও বেসরকারি শিক্ষক কর্মচারীদেও বেতন দ্বিগুণ করে নতুন পে-স্কেল দেয়া হয়। তারা আশা করছেন, শিক্ষকদরদী হিসেবে সরকার সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণ করবে।

সংবাদ সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতা করেন বেসরকারি শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্যসচিব শাহজাহান আলাম সাজু। এছাড়া উপস্থিত ছিলেন পরিষদের কেন্দ্রীয় সভাপতি এসএম জয়নুল আবেদীন জেহাদী, মহাসচিব শামসুল আলম, শিক্ষক নেতা তেলাওয়াত হোসেন খান, মাহবুবুর রহমান ও রুহুল আমিন চৌধুরী প্রমুখ।

মহাসচিব শামসুল আলম জানান, ১৯৯৪ সালে একই পরিপত্রে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা ও প্রাথমিক শিক্ষকদের ৫০০ টাকা বেতন নির্ধারণ করা হয়। পরবর্তীতে সরকার ২৬ হাজার ১৯৩টি রেজিস্ট্রার্ড প্রাথমিক স্কুল জাতীয়করণ করে নেয়। কিন্তু মাদ্রাসাগুলো অবহেলিত আছে। তিনি জানান, তবে ধীরে হলেও এই সরকার ইবতেদায়ি মাদ্রাসার উন্নতি অব্যাহত রেখেছে। ২০১৩ সালে মহাজোট সরকার তাদের বেতন ৫০০ থেকে বাড়িয়ে এক হাজার ও ২০০ টাকা মহার্ঘভাতা দিয়ে আসছে। এখন সরকার আবার বেতন বাড়াল।